

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শৃংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৯.২০১৩-২০৬

তারিখঃ ২০.০৩.২০১৫ খ্রিঃ

বিষয়: ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি ডাঃ সাদিয়া আফরিন খান, সহকারী সার্জন, দেউলী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ১৮.১১.২০১৩ তারিখে ৪৫.১৫১.০২৭.০০.০০.১১৯.২০১৩-৪৬৪ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আপনার বিরুদ্ধে গত ২০.০৭.২০১০ তারিখ থেকে উপযুক্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারি ‘চাকুরি হতে বরখাস্ত’ (Dismissal from service) করা হবে না, এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদ সাথে প্রেরণ করা হল।


(বিমান কুমার সাহা এনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ সাদিয়া আফরিন খান

সহকারী সার্জন, দেউলী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, শিবগঞ্জ, বগুড়া।

স্থায়ী ঠিকানাঃ

পিতা মোঃ জয়নুল আবেদিন খান


গ্রামঃ সিংগারগাতি, পোঃ কালীদাসগাতি, উপজেলাঃ সিরাজগঞ্জ সদর, জেলা সিরাজগঞ্জ।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৯.২০১৩-২০৬/১ (৪)

তারিখঃ ২০.০৩.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। সিভিল সার্জন, বগুড়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারি করে প্রয়োজনে উক্ত কর্মকর্তার সর্বশেষ কর্মস্থল/বাসস্থানে লটকায় জারি করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শিবগঞ্জ, বগুড়া (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৪.২০১৩-১০৪

তারিখঃ ২৯.০৩.২০১৫ খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭ (৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।


যেহেতু, আপনি ডাঃ সায়রা নাঈমা সুচনা, সহকারী সার্জন, পঞ্চক্রোশী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, উল্লাপাড়া, সিরাজগঞ্জ এর বিরুদ্ধে সরকারী কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৩ (বি) ও ৩(সি) বিধি মোতাবেক যথাক্রমে ‘অসদাচরণ’ ও ‘বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি’এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৪.০৯.২০১৩ তারিখে ৪৫.১৫১.০২৭.০০.০০.১১৪.২০১৩-৩৯৮ নম্বর স্মারক মূলে ১ম কারণ-দর্শানো নোটিশ জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিশের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আপনার বিরুদ্ধে গত ১০.০৬.২০১১ তারিখ থেকে উপযুক্ত কর্তৃপক্ষের বিনানুমতিতে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থাকার অভিযোগ প্রমাণিত মর্মে মতামত প্রদান করেন;

এক্ষণে, সেহেতু কেন আপনাকে উক্ত বিধিমালার ৪ (৩) (ডি) বিধি মোতাবেক সরকারি ‘চাকুরি হতে বরখাস্ত’ (Dismissal from service) করা হবে না, এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট তার কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এতদ সাথে প্রেরণ করা হল।


(বিমান কুমার সাহাএনডিসি)
অতিরিক্ত সচিব

ডাঃ সায়রা নাঈমা সুচনা
সহকারী সার্জন, পঞ্চক্রোশী ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্র, উল্লাপাড়া, সিরাজগঞ্জ।
স্থায়ী ঠিকানাঃ
গ্রামঃ মল্লিকপাড়া, পোঃ মেছড়া, থানা+জেলাঃ সিরাজগঞ্জ।

নং-৪৫.১৫১.০২৭.০০.০০.১১৪.২০১৩-১০৪/১ (৫)

তারিখঃ ২৯.০৩.২০১৫ খ্রিঃ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ২। সিভিল সার্জন, সিরাজগঞ্জ (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার নিকট জারি করে প্রয়োজনে উক্ত কর্মকর্তার সর্বশেষ কর্মস্থল/বাসস্থানে লটকায় জারি করে প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (আদেশটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উল্লাপাড়া, সিরাজগঞ্জ(নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় জারি পূর্বক জারির প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।


(মোঃ আনোয়ার হোসেন)

সহকারী সচিব

ফোন-৯৫৪৫০২৮

sasdisc2@mohfw.gov.bd